

RBI/2004-05/268

RPCD.CO.RF.BC 55/07.38.01/2004-05

নভেম্বর ১, ২০০৮

রাজ্য ও জেলাভিত্তিক সমস্ত কেন্দ্রীয় সমবায় ব্যাংক

মাননীয় মহাশয়,

**২০০৪-০৫ সালের বার্ষিক নীতির প্রতিবেদনের মধ্যবর্তী পর্যালোচনা
দেশীয়/সাধারণ অনাবাসী (এন আর ও) মেয়াদি আমানতের মেয়াদপূর্তি সময় হ্রাস**

বিজ্ঞপ্তি নং **RPCD.No.RF.DIR.BC.77/07.38.01/2000-01** তারিখ এপ্রিল ১৯, ২০০১ -র অনুচ্ছেদ ১(i) দ্রষ্টব্য। বর্তমানে ব্যাংক **Rs.15** লাখ বা তার অধিক টাকার মেয়াদি আমানত কমপক্ষে ৭ দিনের মেয়াদপূর্তি শর্তে গ্রহণ করতে পারে। **Rs.15** লাখের কম আমানতের ক্ষেত্রে ন্যূনতম মেয়াদপূর্তি সময় ১৫ দিন হতে হবে।

২। এই সম্পর্কে ২০০৪-০৫ বার্ষিক নীতির প্রতিবেদনের মধ্যবর্তী পর্যালোচনা (অনুকৃতি সংযোজিত হল) ৭৩ ও ৭৪ অনুচ্ছেদের প্রতি দৃষ্টি আকর্ষণ করি। সেখানে যেমন উল্লেখ আছে উপরের নির্দেশাবলী পর্যালোচনা করা হল এবং সিদ্ধান্ত নেওয়া হল যে মেয়াদি আমানতের মেয়াদের সাযুজ্যের জন্যে ব্যাংক তাদের বিচারবুদ্ধি মত দেশীয়/সাধারণ অনাবাসী (এন আর ও) মেয়াদি আমানতের ন্যূনতম মেয়াদ কমিয়ে **Rs.15** লাখ টাকার কমেও ১৫ দিন থেকে ৭ দিন করতে পারে। যাহোক, এখন যেমন আছে, ব্যাংকের **Rs.15** লাখ টাকা ও তার বেশি টাকার মেয়াদি আমানতে ভিন্ন ভিন্ন সুন্দর হার প্রস্তুত করার স্বাধীনতা বজায় থাকবে।

৩। আমাদের আঞ্চলিক অফিসের কাছে প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত

(জি. শ্রীনিবাসন)
চীফ জেনারেল ম্যানেজার

সংযোজন- উপরে যেমন বলা আছে

সুদের হারের নীতি

(c) আভ্যন্তরীণ মেয়াদি আমানতের মেয়াদ ত্রাস

73. বর্তমানে যেখানে (**Rs.15** লাখ বা তার অধিক) আভ্যন্তরীণ পাইকারী মেয়াদি আমানতের মেয়াদ কমপক্ষে ৭ দিন সেখানে আভ্যন্তরীণ খুচরা মেয়াদি আমানতের (**Rs.15** লাখের কম) মেয়াদ ১৫ দিনই বজায় থাকবে। মেয়াদি আমানতের মেয়াদের সাযুজ্যের জন্যে, এই প্রস্তাব করা হল যে

- ব্যাংক তাদের বিচারবুদ্ধি মত আভ্যন্তরীণ খুচরা মেয়াদি আমানতের ন্যূনতম মেয়াদ কমিয়ে (**Rs.15** লাখ কমেও) ১৫ দিন থেকে ৭ দিন করতে পারে।

74. তবে এখনকার মতই, **Rs.15** লাখ ও তার বেশির ক্ষেত্রে দেশীয় পাইকারী মেয়াদি আমানতের বেলায় ব্যাংকের ভিন্ন ভিন্ন সুদের হারের প্রস্তাব করার স্বাধীনতা বজায় থাকবে।